



ফাইল ছবি

রোববারের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা পিছিয়েছে।

বিষয়টি নিশ্চিত করে ঢাকা বোর্ডের চেয়ারম্যান মু. জিয়াউল হক বলেন, অনিবার্য কারণবশত রোববারের পরীক্ষা স্থগিত করা হয়েছে। রোববার যে পরীক্ষাগুলো ছিল, সেগুলো আগামী শুক্রবার সকাল ৯টায় অনুষ্ঠিত হবে।

একটি সূত্র জানিয়েছে, কওমি শিক্ষার সর্বোচ্চ স্তর দাওরায়ে হাদিসকে স্নাতকোত্তরের সমমান দেওয়ায় রোববার সকাল ১০টায় রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে 'শোকরানা মাহফিল' অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। এ কারণে পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশে বিঘ্ন ঘটার আশঙ্কা থাকায় পরীক্ষা পেছানো হয়েছে।